



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নৌপরিবহন মন্ত্রণালয়  
নৌপরিবহন অধিদপ্তর  
পরীক্ষা শাখা (নটিক্যাল)  
এফ-১২/সি-১, আগারগাঁও, শেরেবাংলা নগর,  
ঢাকা-১২০৭  
www.dos.gov.bd



স্মারক নম্বর: ১৮.১৭.০০০০.০০০.০০৬.৩৩.০০০১.২৬.৮৫

তারিখ: ১৬ বৈশাখ ১৪৩৩  
২৯ এপ্রিল ২০২৬

বিষয়: সরকারি ও অনুমোদিত বেসরকারি মেরিটাইম প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের “সমন্বিত নাবিক (রেটিং) ভর্তি পরীক্ষা-২০২৬”  
(গ্রীষ্মকালীন সেশন) এর লিখিত পরীক্ষার সময়সূচী ও নির্দেশনা।

সরকারি ও অনুমোদিত বেসরকারি মেরিটাইম শিক্ষা / প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের “সমন্বিত নাবিক (রেটিং) ভর্তি পরীক্ষা-২০২৬” (গ্রীষ্মকালীন সেশন) এর লিখিত পরীক্ষা আগামী ০২ মে ২০২৬ তারিখ সকাল ১১:০০ হতে দুপুর ০১:০০ ঘটিকা পর্যন্ত (পরীক্ষা কেন্দ্রে প্রার্থীদের প্রবেশের শেষ সময় সকাল ১০.০০ ঘটিকা), (শেরেবাংলা নগর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় এবং আগারগাঁও আদর্শ উচ্চ বিদ্যালয় ঢাকায়) অনুষ্ঠিত হবে।

**লিখিত পরীক্ষা সম্পর্কিত জরুরি নির্দেশনাবলী:**

১. অনলাইনে প্রাপ্ত প্রবেশপত্রের রজিন প্রিন্ট নিয়ে লিখিত পরীক্ষায় উপস্থিত হতে হবে। প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
২. নির্ধারিত সময়ের মধ্যে অর্থাৎ সকাল ১০:০০ ঘটিকার মধ্যে পরীক্ষা হলে উপস্থিত থাকতে হবে। পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোনো প্রার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবে না।
৩. উত্তরপত্রের উপরের OMR Sheet এ সঠিকভাবে কালো কালির বল পয়েন্ট কলম দ্বারা নাম ও স্বাক্ষর করতে হবে এবং নির্ধারিত স্থানে রোল নম্বর এর বৃত্ত পূরণ করতে হবে। সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে অথবা কোনোরূপ কাটাকাটি করলে বা ফ্লুইড ব্যবহার করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে। উত্তরপত্রের নির্ধারিত স্থানে কালো কলম দিয়ে উত্তর লিখতে হবে। উত্তর পত্রের/ OMR Sheet এর নির্ধারিত স্থান ব্যতীত অন্য কোন স্থানে কোন কিছু লিখলে বা সাংকেতিক চিহ্ন ব্যবহার করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে।
৪. AI Face Verification এর মাধ্যমে প্রার্থী যাচাই করা হবে। জাল প্রার্থীর ক্ষেত্রে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রোল নম্বর এবং নামের পাশে প্রবেশপত্রের অনুরূপ তার ছবি থাকবে। **ভুয়া পরীক্ষার্থীদের বিরুদ্ধে বিশেষ তদ্বিধান অভিযান পরিচালনার ব্যবস্থা করা হবে।** প্রবেশপত্রের ছবি ও আবেদনের সাথে দাখিলকৃত প্রার্থীর স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, মিল না থাকলে উক্ত প্রার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
৫. পরীক্ষার্থীগণ পরীক্ষা কেন্দ্রে অশোভন বা আপত্তিজনক আচরণ বা কোন ধরনের অসদুপায় অবলম্বন করলে তাকে পরীক্ষার জন্য অযোগ্য ঘোষণাসহ পরীক্ষা কেন্দ্র হতে বহিষ্কার এবং তার বিরুদ্ধে প্রচলিত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
৬. পরীক্ষার্থীরা সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে।
৭. শুধুমাত্র সাধারণ ক্যালকুলেটর ব্যতীত যেকোন ধরনের হাত ব্যাগ, মানি ব্যাগ, ফোল্ডার, ঘড়ি, মোবাইল ফোন, ম্যাগনেটিক কার্ড (যেমন: এটিএম, ডেবিট, ক্রেডিট), ব্লু-টুথ বা টেলিযোগাযোগ করা যায় এরূপ কোনো ইলেক্ট্রনিক্স ডিভাইস/যন্ত্র পরীক্ষার হলে নেয়া নিষিদ্ধ। পরীক্ষা চলাকালে পরীক্ষার হলে কোনো পরীক্ষার্থীর নিকট এরূপ কোনো ডিভাইস পাওয়া গেলে তার ভর্তি পরীক্ষা সরাসরি বাতিল করা হবে। **পর্যবেক্ষক চাহিবা মাত্র পরীক্ষার্থী তার কান পরিদর্শন করতে দিতে বাধ্য থাকবে।**
৮. কোনো প্রার্থীর ক্ষেত্রে বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের গুরুতর ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।
৯. প্রার্থীদের গণিত-৩০, ইংরেজী-৩৫, বাংলাদেশ ও সাধারণ জ্ঞান-৩৫ সর্বমোট ১০০ নম্বরের লিখিত পরীক্ষা ০২ (দুই) ঘন্টায় অনুষ্ঠিত হবে।



২৯-০৪-২০২৬

কমডোর মোঃ শফিউল বারী, (এনডি), ওএসপি,

এনডিসি, পিএসসি, বিএন

মহাপরিচালক

ফোন : +৮৮-০২-২২৩৩৭৪৩৬০

ইমেইল : info@dos.gov.bd

“সমন্বিত নাবিক (রেটিং) ভর্তি পরীক্ষা-২০২৬” (গ্রীষ্মকালীন সেশন)  
এর সকল পরীক্ষার্থীগণ।

